

জাতীয় মহিলা সংস্থা
ডে-কেয়ার সেন্টার
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

জাতীয় মহিলা সংস্থা “শিশু দিবাযত্ন কেন্দ্র পরিচালনা নীতিমালা” (সংশোধিত ২০১৬)।

পটভূমিঃ

সকল অর্থনৈতিক কর্মকান্ড ও উন্নয়ন প্রক্রিয়ায় নারীর কাযকর অংশগ্রহণের লক্ষ্যে সহায়ক সেবা হিসেবে শিশুযত্ন সুবিধা প্রদানের লক্ষ্যে “জাতীয় মহিলা সংস্থা কমপ্লেক্স” শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় ২০০২ সাল থেকে ৫০ আসন বিশিষ্ট “জাতীয় মহিলা সংস্থা শিশু দিবাযত্ন কেন্দ্র” চালু হয়।

ঢাকা মহানগরীতে কর্মজীবী মহিলাদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে কর্মজীবী মায়েদের শিশু সন্তানদের দিবাকালীন রক্ষণাবেক্ষণের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে ২০০২ সাল থেকে শিশুর সুস্থ বিকাশের অনুকূল একটি “শিশু দিবাযত্ন কেন্দ্র” চালু করা হয়। কেন্দ্রটি সুষ্ঠু ও কাযকর ভাবে পরিচালনার উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হল।

২। ডে-কেয়ার সেন্টার এর কমিটি সমূহঃ

২.১. জাতীয় মহিলা সংস্থা ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নবর্ণিত একটি উপদেষ্টা কমিটি থাকবেঃ

ক) চেয়ারম্যান, জামস	সভাপতি
খ) নির্বাহী পরিচালক, জামস	সদস্য
গ) নির্বাহী কমিটি/পরিচালনা পরিষদের (১ জন), জামস	সদস্য
ঘ) উপসচিব (প্রশাসন), মশিবিম	সদস্য
ঙ) পরিচালক, জামস	সদস্য
চ) উপপরিচালক, জামস	সদস্য
ছ) সহকারী পরিচালক (প্রকল্প), জামস	সদস্য
জ) সহকারী পরিচালক (প্রশাসন), জামস	সদস্য
ঝ) দিবাযত্ন কেন্দ্র ইনচার্জ, জামস	সদস্য সচিব

কাযপরিধিঃ

- শিশু দিবাযত্ন কেন্দ্রের নীতি নির্ধারণ ও কর্মপরিকল্পনা গ্রহণ।
- প্রয়োজনে যে কোনও সময়ে জরুরী সভা আহ্বান করা যাবে।
- সদস্যগণ একক বা দলগত ভাবে দিবাযত্ন কেন্দ্র পরিদর্শন করতে পারবেন।

ঘ) প্রয়োজনে এক বা একাধিক নতুন সদস্য কো-অপট করা যাবে।

২.২ পরিচালনা কমিটিঃ

দিবায়ত্ত কেন্দ্রের সুষ্ঠু পরিচালনার জন্য নিম্নোক্ত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি পরিচালনা কমিটি হবেঃ

কমিটির রূপরেখা

ক) পরিচালক, জামস	সদস্য
খ) উপপরিচালক, জামস	সদস্য
গ) সহকারী পরিচালক (প্রকল্প), জামস	সদস্য
ঘ) প্রকল্প কর্মকর্তা, জামস	সদস্য
ঙ) মূল্যায়ন কর্মকর্তা, জামস	সদস্য
চ) দিবায়ত্ত কেন্দ্র ইনচার্জ, জামস	সদস্য সচিব

কাযপরিধিঃ

ক) নিয়মিত পরিদর্শনের মাধ্যমে উদ্ভূত সমস্যা সমাধানে কাযকর ব্যবস্থা গ্রহণ ও সুষ্ঠু পরিচালনার স্বার্থে প্রস্তাবনা/সুপারিশ পেশ।

খ) জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যেতে পারে।

গ) প্রয়োজনে এক বা একাধিক নতুন সদস্য কো-অপট করা যাবে।

৩। ডে-কেয়ার ইনচার্জের দায়িত্বঃ

ক) শিশু বাছাই ও ভর্তি গ্রহণ।

খ) কেন্দ্রের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ করা।

গ) শিশুর ও অভিভাবকের ছবিসহ ফাইল সংরক্ষণ করা।

ঘ) শিশু ভর্তির জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার ও লিফলেট বিতরণের ব্যবস্থা করা।

ঙ) অভিভাবকের নিকট হতে শিশুদেরকে বুঝে নেয়া ও বুঝিয়ে দেয়া; সর্বোপরি শিশুর সার্বিক নিরাপত্তা সেবা নিশ্চিত করা।

চ) শিশুর শারীরিক ও মানসিক বিকাশে সহায়ক খেলাধুলা ও চিত্র বিনোদনের ব্যবস্থা করার পাশাপাশি শিশুকে শিষ্টাচার শেখানোর ক্ষেত্রে কাযকর ভূমিকা পালন।

ছ) শিশুর অভিভাবকের সাথে নিবিড় যোগাযোগ নিশ্চিত করা।

৪। ডে-কেয়ার সেন্টারে শিশু ভর্তির নিয়মাবলীঃ

৪.১। কর্মজীবী মা/অভিভাবক যারা সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরিরত কিংবা পেশাজীবী হিসাবে কর্মরত আছেন তাঁদের সুস্থ শিশুরা ভর্তি হতে পারবে।

৪.২। শিশুর বয়স হবে এক বছর থেকে ছয় বছর।

৪.৩। কেন্দ্রে একজন অভিভাবকের ২ (দুই) টির বেশী শিশু ভর্তি করা যাবে না।

৪.৪। কেন্দ্রে ভর্তির জন্য নির্ধারিত ভর্তি ফরমে আবেদন করতে হবে। শিশু ভর্তির জন্য অফেরতযোগ্য ভর্তি ফি প্রদান এবং মাসিক ফি মাসের প্রথম সপ্তাহের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় বিলম্ব ফি আরোপযোগ্য হবে।

৪.৫। সকাল ৮.৩০ টার ভিতর অভিভাবক নিদিষ্ট রেজিষ্টারে স্বাক্ষর করে শিশুকে বুঝিয়ে দিয়ে যাবেন এবং বিকাল ৬.০০ টার মধ্যেই রেজিষ্টারে স্বাক্ষর করে ফেরত নিয়ে যাবেন।

৪.৬। শিশুকে আনা এবং নেয়ার জন্য সংশ্লিষ্ট মা/অভিভাবক ব্যতীত অন্য কাউকে দায়িত্ব দিলে তার পরিচয়ের কাগজপত্র জমা দিতে হবে। তাৎক্ষণিক যোগাযোগের জন্য অভিভাবকের ফোন নম্বর প্রয়োজন হবে।

৪.৭। সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিন ব্যতীত কেন্দ্র চালু থাকবে।

৪.৮। অভিভাবকগণ শিশুদের জন্য বয়সোপযোগী এবং স্বাস্থ্য সম্মত খাবার সরবরাহ করবেন। শিশুর সাথে খাবার টিফিন বক্সে দিতে হবে।

৪.৯। সাময়িক অসুস্থ ও ছোঁয়াচে রোগে আক্রান্ত শিশুকে নিরাময় না হওয়া পর্যন্ত ডে-কেয়ার সেন্টারে আনা যাবে না।

৪.১০। অভিভাবকগণ প্রয়োজনীয় পোষাক ও আনুসঙ্গিক (Diapers/napkins/অতিরিক্ত পোষাক) সরবরাহ করবেন।

৫। অভিভাবকগণ ডে-কেয়ার সেন্টারের কর্মকর্তা/কর্মচারীর সাথে যোগাযোগ পূর্বক শিশু হস্তান্তর/গ্রহণ করবেন।

৬। ডে-কেয়ার সেন্টারে শিশুদের অবস্থানকালে সেন্টারে কোন অভিভাবক বা অভিভাবকের প্রতিনিধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত প্রবেশ করতে পারবেন না।

৭। সাময়িক ভাবে কোন শিশু ডে-কেয়ার সেন্টারে অবস্থান করতে চাইলে নিয়মিত শিশুদের ন্যায় যাবতীয় নিয়ম নীতি পালন করতে হবে।

৮। শিশুর সঙ্গে কোন মা/অভিভাবক/গৃহকর্মী ডে-কেয়ার সেন্টারে অবস্থান করতে পারবেন না।

৯। পরিদর্শন ও গবেষণার লক্ষ্যে কেন্দ্রে প্রবেশ করার ক্ষেত্রে সংস্থার কর্তৃপক্ষের পূর্ব অনুমতি গ্রহণ করতে হবে।

১০। যে কোন সংগত কারণে ভর্তিকৃত শিশুর ভর্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২। ডে-কেয়ার সেন্টার পরিচালনার স্বার্থে প্রয়োজনানুযায়ী এই নীতিমালা পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধন করা যাবে।